গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের জুন, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৭ জুন ২০২১ খ্রি:
সভার সময়	বেলা ০২.০০ টায়
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	গত সভার কার্যবিবরণী গৃহীত করা হ'ল।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০২	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।

০৩	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে যুগ্মসচিব(প্রশাসন) সভাকে অবহিত করেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৩২টি, চলমান প্রকল্পের সংখ্যা ১৩টি এবং প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ প্রকল্পের সংখ্যা ০৪টি, সমীক্ষা সমাপ্তির পর ডিপিপি প্রণীত হবে এরূপ প্রকল্প ০১টি, অন্য মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম গৃহিত ০১টি প্রকল্প। তিনি আরো জানান, প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ ৪টি প্রতিশ্রুতি বাস্তবায়নের স্বার্থে বাপাউবো থেকে ৩টি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। প্রকল্প যাচাই সভার কার্যবিবরণীর আলোকে পুনর্গঠিত ডিপিপি গত ২৮-০৪-২০২১ তারিখে বাপাউবো থেকে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) বাপাউবো কর্তৃক দাখিলকৃত ০৩টি প্রকল্পের পুনগঠিত ডিপিপির বিষয়ে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো
০৪	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এপিএ এমএস Software-এ চূড়ান্ত দাখিল করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে বাপাউবোর ১০১ টি মাঠ পর্যায়ের অফিস এপিএ Software-এ দাখিল করেছে।	২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে।	প্রোগ্রামার,পাসম ও সংশ্লিষ্ট সংস্থা।

০৫	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ।	মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। এটুআই কর্তৃক ই-নথি সিস্টেম আপগ্রেডেশন এবং সার্ভার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। সংস্থাসমূহের নতুন দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমে অন্তর্ভূক্ত করতে আরো ৫-৬ মাস সময় লাগবে বলে এটুআই কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন । মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের ওয়েবসাইটে সেবাবক্সগুলো হালনাগাদ করা হয়েছে। এছাড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কর্মকর্তাগণের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহ হালনাগাদ রয়েছে।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে। (খ) মন্ত্রণালয়ের আইসিটি শাখা সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়টি মনিটরিং করবেন।	সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখা/শাখা এবং আইসিটি শাখা,
০৬	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, মন্ত্রণালয়ের শাখা, অধিশাখা ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলীর চলমান ধারা অব্যাহত আছে। সংস্থাপ্রধানগণের ই-নথি ড্যাশ বোর্ডের উপর অর্ধদিবস ব্যাপী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে এটুআই এর সাথে আলোচনা হয়েছে। নতুন অর্থবছরে বাজেট পাওয়া গেলে সংস্থাপ্রধানগণের ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে।	(ক) মন্ত্রণালয়ের সকল অধিশাখা, শাখা ও সংস্থাসমূহের চলমান ধারা অব্যাহত রাখতে হবে। (খ) নতুন অর্থবছরে বাজেট পাওয়ার পর সংস্থাপ্রধানগণের ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) সকল অধিশাখা/শাখা পাসম ও সকল সংস্থা। (খ) আইসিটি শাখা, পাসম ও সকল সংস্থা।

০৭	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নিকট হতে ৩৬টি প্রতিবেদন পাওয়া গেছে। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় বলেন লকডাউনে রাস্তা ফাকা থাকবে ফলে প্রকল্প পরিদর্শনে যাতায়াত করা সহজ হবে। সভায় মন্ত্রনালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের পরিদর্শন করার নির্দেশনা প্রদান করেন। এপর্যায়ে জনাব নাজমুল ইসলাম ভূইয়া, উপসচিব (উন্নয়ন-৩), করোনাকালীন সময়ে টেলিফোনে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন দাখিল করার বিষয়টি সভায় উত্থাপন করেন এবং তিনি বলেন, পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সঠিকভাবে বাস্তবায়ন হয়না। এ বিষয়ে উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন) বলেন, পরিদর্শন প্রতিবেদন বাপাউবোতে প্রেরণ করার পর বাপাউবো থেকে ফিডব্যাক প্রদান করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ যথাযথ বাস্তবায়নের নিমিত্ত একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করার অনুরোধ জানান।	(ক) জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ যে সকল জেলা পরিদর্শন প্রতিবেদন দাখিল করেনি তারা দ্রুত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। (খ) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ যথাযথ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো। (খ) উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা), পাসম।
০৮	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	'বাপাউবোর ঢাকাস্থ নিজস্ব কম্পাউন্ডে আবাসিক ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণ" শীর্ষক প্রকল্প এবং বাপাউবো কর্তৃক প্রস্তাবিত "বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম চলমান আছে।	প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম ও বাপউবো

০৯	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ৩০ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট আপীল বিভাগে ৩৮টি, হাইকোর্ট বিভাগে ৬৪৬টি ও নিম্ন আদালতসমূহে ৩,৬১৮টি সহ মোট ৪,৩০২টি মামলা বিচারাধীন রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের মামলার সংখ্যা ১৪টি এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলার সংখ্যা ০৩টি সহ সর্বমোট মামলার সংখ্যা ৪,৩১৯টি। মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ অব্যাহত রয়েছে। তছাড়া বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট আদালতে বিচারাধীন ও নিস্পত্তিকৃত মামলাসমূহের তথ্যাদি স্বয়ংক্রিয়করণের (Automation) লক্ষ্যে একটি ডাটাবেইজ সফটওয়্যারের ToR কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা কর্তৃক প্রণীত হয়েছে। কুয়াকাটা রেস্ট হাউজ সংক্রান্ত যুগ্ম জেলাজজ ১ম আদালত, পটুয়াখালীতে বিচারাধীন দেওয়ানী মামলা নম্বর-১৮৩/২০১৮ এর তায়েদাদ ২৭ লক্ষ টাকা নির্ধারণের বিষয়ে বোর্ডের পক্ষে দাখিলকৃত আরজি সংশোধনের দরখাস্তের ওপর ৪ এপ্রিল ২০২১ তারিখে ধার্যকৃত দিনের পরিবর্তে পূর্বেই গত ১৬-০৩-২০২১ তারিখে শুনানী হয়ে তা বোর্ডের পক্ষে মঞ্জুর হয়েছে।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ তথ্য প্রণীত ডেটাবেজ সফটওয়্যারে আপলোড করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ, আইন শাখা, পাসম।

১০	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	এ প্রসঙ্গে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ২০১৮-১৯ অর্থবছরের নিরীক্ষায় পাসম এর উত্থাপিত ৬টি আপত্তির মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৪টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বাপাউবোর ৫০৯৬ টি অডিট আপত্তি রয়েছে। ২০২০-২১ অর্থবছরের ২৪৯টি (২১৩টি অগ্রিম ও ৩৬টি সাধারণ) অডিট আপত্তির উপর ১৩টি ত্রিপক্ষীয় ও ৭টি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে মোট ১৯৯টি (১৬৮টি অগ্রিম ও ৩১টি সাধারণ) অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নগই এর ২৬টি অডিট আপত্তির মধ্যে ২০২০-২১ অর্থবছরে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ২৪টি আপত্তি (১৩টি অগ্রিম, ৭টি সাধারণ এবং ৪টি ড্রাফট প্যারাভূক্ত) নিষ্পত্তির লক্ষ্যে যথারীতি জবাব প্রদান করা হয়েছে। বাহাজউঅ এর ২০১১-১২ হতে ২০১৭-১৮ অর্থবছরের উত্থাপিত ১৪টি অডিট আপত্তি (১০টি অগ্রিম ও ৪টি সাধারণ) নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৯টি (৫টি অগ্রিম ও ৪টি সাধারণ) অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। ২০১৩-২০ অর্থ বছরের নিরীক্ষায় ওয়ারপোর ১০টি অনুচ্ছেদ সম্বলিত অডিট পরিদর্শন প্রতিবেদন (AIR) পূর্ত অডিট অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে পাওয়া গেছে। উক্ত ১০টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য গত ১৬-০৬-২০২১ তারিখে ওয়ারপোকে পত্র দেয়া হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।

১১	মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি।	পানি সম্পদ মন্ত্রণালয়ের রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখার জন্য ১০টি পদ সৃজনে গত ১৬/০২/২০২১ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।
১২	বিবিধ বিষয়: (ক) করোনা ভাইরাস।	কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য দ্বিতীয় ধাপ মোকাবেলায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারীকৃত পত্র মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থাসমূহ কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে।	প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে পাসম কর্তৃক প্রদত্ব নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে।	সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম।
	(খ) আইসিটি	আইসিটি এর উপর হালনাগাদ তথ্য প্রেরণের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, আইসিটি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। যেমনঃ ১। ই-নথি সিস্টেম, ই-রিকুইজিশন সিস্টেম, জিআরএস সিস্টেম সংক্রান্ত কার্যক্রম। ২। মন্ত্রণালয়ের ওয়েবসাইট, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য হালনাগাদ ইত্যাদি। ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন ও এর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ। ৪। ইন্টারনেট, নেটওয়ার্ক, সার্ভার, কম্পিউটার মেইন্টেন্যান্স ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। ৫। ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছেঃ ১। ২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানঃ লক্ষ্যমাত্রা ৬টি সভা করা হয়েছে। ২। ৩.২ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়ঃ মোট	আইসিটি বিষয়ক মন্ত্রণালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে।	আইসিটি শাখা এবং সকল অধিশাখা/শাখা, পাসম।

	বাজেট ৭০ লক্ষ টাকার মধ্যে ৪১,৪৬,৩৯০/ (একচল্লিশ লক্ষ ছয় চল্লিশ হাজার তিনশত নব্বই) টাকা ব্যয় (ব্যয়+অবমুক্ত) হয়েছে। ৩। ৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার। ৪.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন। ৪.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন উপরে উল্লেখিত সবগুলো প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৪। মন্ত্রণালয় ও সংস্থাসমূহের মোট ৫ টি উদ্ভাবনী ও সেবা সহজিকরণ পাইলটিং করা হয়েছে। ৫। উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন সম্পন্ন হয়েছে। ৬। উদ্ভাবনী উদ্যোগের এবং সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা করা হয়েছে। ৭। ৯.২.১ উদ্ভাবকগণকে দেশে ২টি নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হয়েছে। ৮। ১৩.৩ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদানঃ ২টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে। ৯। ৯.১ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/ পুরস্কার প্রদানঃ ৩ জনকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।		

	(গ) ভূমিহীনদের মধ্যে ঘর বিতরণ।	মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় আওতাধীন বেড়ী বাঁধের খাস জমিতে গৃহ নির্মাণপূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ী বাঁধের খাস জমিতে গৃহ নির্মাণপূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাপরিচালক, বাপউবো।

৩। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.২৭৮

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৮
০৮ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ।

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৭) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
উপসচিব